দৈনিক ইত্তেফাক

তারিখ 09 NOV 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

## ভার্সিটি শিক্ষকদের প্রতীক অনশন

ইত্তেফাক রিপোর্ট ॥ জাহাঙ্গীরনগর, ইসলামী, রাজশাহী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সৃষ্ট সন্ত্রাসী ঘটনায় জড়িতদের

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## প্রতীক অনশন

( ১ম পৃ: পর )

গ্রেফতার ও বিচারের দাবিতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গতকাল (সোমবার) কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতীক অনশন পালন করেন। অনশন শেষে এক সংক্ষিপ্ত সভায় শিক্ষক নেতৃবৃন্দ বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে সরকার-সহ সকল রাজনৈতিক দল ঐক্যমত প্রকাশ করা সত্ত্বেও পরিস্থিতির উন্নতি হইতেছে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনায় সন্ত্রাসের এক ভয়াবহ রূপ প্রকাশ পাইয়াছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসী ঘটনায় অভিযুক্তদের গ্রেফতার ও বিচার প্রক্রিয়ায় পুলিশের পক্ষপাতমূলক ভূমিকা এবং তদন্তকারী অফিসার কর্তৃক সাক্ষীদের জবানবন্দি বিকৃত ও দুরভিসন্ধিমূলকভাবে লিপিবদ্ধকরণ সরকারের আন্তরিকতার অভাবের প্রতিফলন। সভায় ডিসেম্বরের মধ্যে সকল শিক্ষক সংগঠনের সহিত ঐক্যবদ্ধভাবে একটি মহাসমাবেশ করার সিদ্ধান্ত ঘোষণা করা হয়। শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান, মহাসচিব ডঃ আবদুর রহিম, প্রফেসর সাঈদ-উর রহমান, প্রফেসর জসীম উদ্দিন আহমেদ, প্রফেসর আবদুর রাজ্জাক আকন্দ, প্রফেসর মোহাম্মদ মোহাব্বত খান, প্রফেসর শরীফ এনামুল কবীর, প্রফেসর মনসুরুল আমিন প্রমুখ সভায় উপস্থিত ছিলেন।

### আজ শিক্ষক-অফিসার-কর্মচারীদের মৌন মিছিল

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অফিসার-কর্মচারীবৃন্দ সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সম্মুখে জমায়েত শেষে মৌন মিছিল বাহির করিবেন।